

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mohfw.gov.bd

স্মারক নং-৪৫.০১.০০০০.১৪০.১২.০০১.১৮-৬৬৮


তারিখঃ ২৯ মে ২০১৯ খ্রিষ্টাব্দ
১৫ জ্যৈষ্ঠ ১৪২৬ বঙ্গাব্দ

বিষয়ঃ স্বাস্থ্য অধিদপ্তরাধীন ১০ম ও তদূর্ধ্ব গ্রেডের বিভিন্ন পদে পদোন্নতি প্রদান

সূত্রঃ স্বাস্থ্য সেবা বিভাগের স্মারক নং-৪৫.০১.০০০০.১৪০.১২.০০১.১৮-৩৯, তারিখঃ ৩০/১০/২০১৮ খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, স্বাস্থ্য অধিদপ্তর হতে প্রায়ই বিভিন্ন স্বাস্থ্য প্রতিষ্ঠানের কর্মচারীদের ১০ ও তদূর্ধ্ব গ্রেডের বিভিন্ন পদে পদোন্নতির প্রস্তাব প্রেরণ করা হয়। কিন্তু পত্রে কর্মচারির মূল পদ উল্লেখ থাকে না। এমনকি কর্মচারীদের আবেদনপত্র এবং বার্ষিক গোপনীয় প্রতিবেদনেও মূল পদ উল্লেখ থাকে না। এতে জটিলতার সৃষ্টি হয়। তাছাড়া স্বাস্থ্য অধিদপ্তর হতে প্রাপ্ত গ্রেডেশন তালিকা যাচাই করাও এ বিভাগের পক্ষে সম্ভব হয়না। এ বিভাগ হতে ইতঃপূর্বেও সূত্রোক্ত স্মারকে এ বিষয়ে পত্র স্বাস্থ্য অধিদপ্তরকে নির্দেশনা প্রদান করা হয়েছে।

২। এমতাবস্থায়, স্বাস্থ্য অধিদপ্তরাধীন কর্মচারীদের পদোন্নতির ক্ষেত্রে কর্মচারীদের জ্যেষ্ঠতার তালিকা এবং অন্যান্য তথ্যে কোন গরমিল পরিলক্ষিত হলে সেক্ষেত্রে স্বাস্থ্য অধিদপ্তর দায়ি থাকবে, স্বাস্থ্য সেবা বিভাগের কোন দায় থাকবে না এবং পদোন্নতির ক্ষেত্রে দুর্নীতি ও জটিলতা পরিহারের লক্ষ্যে পদোন্নতির প্রস্তাবসমূহ যাচাই-বাছাই করে প্রেরণের জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ করা হলা। সেই সঙ্গে কর্মচারীদের মূল পদের নাম উল্লেখ করে প্রস্তাব প্রেরণ করার জন্যও অনুরোধ করা হলা।


(শাহিনা হোসেন)
উপসচিব

ফোনঃ ৯৫৭৭৯৮৫

sasadmin1@mohfw.gov.bd

মহাপরিচালক
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী, ঢাকা
[দৃঃআঃ পরিচালক (প্রশাসন)]

অনুলিপিঃ

- ১। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ২। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৩। অতিরিক্ত সচিব (অভ্যন্তরীণ প্রশাসন ও শৃঙ্খলা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়